

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

2016-2017 স্কুল বছরে আপনার সন্তানকে স্বাস্থ্য পরিষেবা (যেমন ওষুধ) এবং/অথবা 1973 সালের পুনর্বাসন আইনের 504 ধারার আওতায় সংস্থান লাভের অনুমোদন দেয়া হয়েছিল। স্বাস্থ্য পরিষেবা এবং 504 ধারা সংস্থানের বিধান অনুসারে প্রত্যেক স্কুল বছরের জন্য একটি নতুন অনুমোদন দরকার হয়। স্কুলে আপনার সন্তানের এই পরিষেবা এখনও প্রয়োজন, সে যেনো উপযুক্ত পরিষেবা লাভ করতে পারে, সেটা নিশ্চিত করতে এই পুনঃঅনুমোদন আবশ্যিক। হালনাগাদকৃত অনুমোদন ফরম নিশ্চিত করে যে আপনার পারিবারিক চিকিৎসক কর্তৃক নির্দেশিত যথোপযুক্ত ডাক্তারি চিকিৎসা আপনার সন্তান পাচ্ছে এবং চিকিৎসা পদ্ধতি, ডোজের পরিমাণ, পার্শ্বপ্রতিক্রিয়া, ইত্যাদি গত বছর থেকে এখন পর্যন্ত সময়কালে পরিবর্তিত হয়নি। আপনার সন্তানকে যথাযথভাবে সেবা দান করতে সেবাদানকারীকে সাহায্য করার জন্যও এই তথ্যগুলো প্রয়োজনীয়।

যেহেতু বছরের এই সময়ে অনেক পিতামাতা তাদের সন্তানের বার্ষিক এবং ক্যাম্প শারীরিক পরীক্ষার সময় ঠিক করেন, আমরা আপনাদেরকে উৎসাহিত করছি আসন্ন স্কুল বছরের জন্য প্রস্তুতি গ্রহণ করতে এবং প্রয়োজন হলে আপনাদের সন্তানের স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের দিয়ে 2017-2018 স্কুল বছরের জন্য সংশ্লিষ্ট ফরম পূরণ করিয়ে নিতে।

সেই লক্ষ্যে অনুগ্রহ করে আপনার পারিবারিক চিকিৎসককে দিয়ে সংশ্লিষ্ট স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা সেকশন 504 আবাসন ফরম (সমূহ) স্পষ্টভাবে পূরণ ও স্বাক্ষর করিয়ে নেবেন।

আপনার সন্তানকে যেন সহজেই শনাক্ত করা যায়, সেজন্য অনুগ্রহপূর্বক মেডিকেশন ফরমের উপরে বাম কোণে সম্প্রতি তোলা একটি ক্ষুদ্র ছবি সংযুক্ত করবেন।

আপনার সন্তানের স্কুলে অনুমোদন ফরম স্কুলের শেষ দিনের আগে কিংবা গ্রীষ্মকালীন ছুটির সময় নিচের ঠিকানায় জমা দেওয়া যাবে:

---

---

---

---

নতুন স্কুল বছরের শুরুতে এই পরিষেবাগুলোর কার্যকারিতা নিশ্চিত করার জন্য, 28 জুলাই, 2017 এর মধ্যে পূরণকৃত ফরমসমূহ জমা প্রদান করতে হবে।

বিনীত,